



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব পোলিও দিবস

এ ধরনের কর্মসূচিতে রোটারী

ক্লাবের অগ্রণী ভূমিকা রয়েছে

চট্টগ্রাম- ২৪ অক্টোবর-২০১৮ইংরেজী

‘বিশ্ব পোলিও দিবস’ উপলক্ষে রোটারী ক্লাব অব ইসলামাবাদ বর্ণাঢ্য র্যালির আয়োজন করে। নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট প্রাঙ্গণে বেলুন উড়িয়ে র্যালির উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। রঙ বেরঙের ফেস্টুন, ব্যানার, বেলুন, সাইকেল ও মোটর সাইকেলসহ র্যালিটি সিটি মেয়রের নেতৃত্বে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট থেকে লালখান বাজার টাইগার পাস প্রদক্ষিণ শেষে সিআরবি মোড়ে গিয়ে শেষ হয়। পরে এক সংক্ষিপ্ত সমাবেশে সিটি মেয়র বলেন, পোলিও নির্মূলে বিশ্বব্যাপি ভূমিকা রাখছে রোটারী ইন্টারন্যাশনাল। রোটারীসহ অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতায় সারা বিশ্ব থেকে পোলিও নির্মূল করা সম্ভব। তবে এখনো পর্যন্ত আফগানিস্তান, পাকিস্তান ও নাইজেরিয়ায় পোলিও রোগী রয়েছে। এইসব দেশ থেকেও পোলিও নির্মূলের প্রচেষ্টা চলছে। ২০০৬ সালে আমরা পোলিও মুক্ত দেশ হিসেবে বিশ্বস্বাস্থ্য সংস্থা থেকে স্বীকৃতি পেয়েছি। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অবদান অনস্বীকার্য। এই প্রসঙ্গে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন দৈনন্দিন রুটিন টিকাদান কার্যক্রম অত্যন্ত সাফল্যজনকভাবে পালন করে আসছে। তারই ফলশ্রুতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের পক্ষ থেকে দেশের সর্বোচ্চ ইপিআই এ্যাওয়ার্ড অর্জন করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আজকের এই পোলিও মুক্ত বাংলাদেশ গঠনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অবদান অত্যন্ত প্রশংসনীয়। তিনি বলেন, সামাজিক দায়বদ্ধতা থেকে রোটারীয়ানরা অনেক কাজ করে থাকে। আমাদের প্রিয় বাসস্থান এ চট্টগ্রাম। এই চট্টগ্রামকে ক্লিন ও গ্রিন সিটিতে পরিণত করার ক্ষেত্রে মেয়র রোটারীয়ানদের সহযোগিতা কামনা করেন। মেয়র আরো বলেন, একটি পরিবার, সমাজ ও দেশের মানুষকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে রোটারীয়ানদের বিকল্প নেই। রোটারীয়ানরা পারে সুন্দর, আধুনিক ও সুখী সমৃদ্ধি বাংলাদেশ গড়তে। মেয়র জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য রোটারীয়ানদের আরো অগ্রণী ভূমিকা প্রত্যাশা করেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা গভর্নর দিলনাজি মোহসেন, বিশ্ব পোলিও কমান্ড চেয়ারম্যান ওয়াজিকা আয়েশা খান এসপি, পিডিজি মোহাম্মদ আব্দুল আউয়াল, পিডিজি মীর আনিস উজ্জামান, পিডিজি ড. বেলাল আহমদ, ডেপুটি গভর্নর মোহাম্মদ শাহজাহান, ইঞ্জিনিয়ার মোহাম্মদ হারুন ও রোটারী ক্লাব অব ইসলামাবাদ এর প্রেসিডেন্ট মো. মাহফুজুর রহমান।

প্রেস বিজ্ঞপ্তি

৪ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভায় মেয়র

নেতিবাচক শিক্ষা কখনো প্রকৃত শিক্ষা নয়

চট্টগ্রাম- ২৪ অক্টোবর-২০১৮ইংরেজী

আজ বুধবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিটি মেয়র ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে দক্ষিণ পতেঙ্গা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, বাগমনিরাম আবদুর রশীদ সি/এ বালক উচ্চ বিদ্যালয়, পোস্তারপাড় সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় ও কুলগাঁও সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়সহ ৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নেতিবাচক শিক্ষা কখনও প্রকৃত শিক্ষা হতে পারে না। শুধু বড় বড় ডিগ্রী পেলেই প্রকৃত শিক্ষিত হওয়া যায় না। শিক্ষার সঙ্গে থাকতে হবে সংস্কৃতি, রুচিবোধ ও মানবতাবোধ। তবেই

সেই শিক্ষা হয়ে উঠবে প্রকৃত শিক্ষা। তিনি বলেন একটা দেশকে চেনা যায় সে দেশের বিজ্ঞাণ ও সংস্কৃতি দেখে। এসব তৈরী করতে পারে সঠিক শিক্ষা পদ্ধতি। এ পদ্ধতিতে শিক্ষায় শিক্ষিত সুনাগরিক হিসেবে গড়ে তুলতে দায়িত্ব পালন করেন শিক্ষকগণ। তাই শিক্ষকগণকে হতে হবে দায়িত্বশীল। মেয়র সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার হার ও মান বৃদ্ধির জন্য পরিচালনা কমিটি ও শিক্ষকদের আন্তরিক হওয়ার পরামর্শ দেন। চসিক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষা কর্মকর্তা ও সচিব মো. আবুল হোসেন এর সঞ্চালনায় এ সভায় বাগমনিরাম আবদুর রশীদ সি/ক বালক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পক্ষে প্রফেসর মুহাম্মদ এনামুর রশিদ চৌধুরী, মো. আবদুল করিম বাচ্চু, রাশেদা বেগম, মো. শফিউল আজম, বাবু সুকুমার দেবনাথ, দক্ষিণ পতেঙ্গা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পক্ষে কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, হাজী নুরুল আলম, রীনা আকতার, মাহমুদুল ইসলাম, আমীর হোসেন, মো. হারুনুর রশীদ, পোস্তারপাড় সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পক্ষে ফাতেমা বেগম, মো. মনোয়ার আলী রানা, মো. মমতাজুর রহমান, বিশ্বজিত সরকার, মো. শামসুল আলম, কুলগাঁও সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পক্ষে মো. ইয়াকুব, এস এম হাসান মুরাদ, মোহাম্মদ কামাল, কামরুন্নাহার হামিদ, রোকেয়া বেগম, এস এম এহছান উদ্দীনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন